দৈনিক ইত্তেফাক

৩৫

তারিখ ... AUG 01 1999 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৩

## সাত মাসেও পরীক্ষার ফল প্রকাশ হয় নাই

বাউফল সংবাদদাতা ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত বিএ, বিকম, বিএসসি (পাস) পরীক্ষার ফলাফল কবে নাগাদ প্রকাশ করা হইবে

( ৫ম পৃঃ দ্রঃ )

## সাত মাসেও পরীক্ষার ফল

( ৩য় পৃঃ পর )

এই প্রশ্ন ছাত্র-ছাত্রী-অভিভাবক সকলকেই ভাবাইয়া তুলিয়াছে। তাহারা দারুণ উৎকণ্ঠার মধ্যে দিন কাটাইতেছে। গত বছর ডিসেম্বরে উক্ত পরীক্ষাগুলি শেষ হয়। ৭ মাস চলিয়া গিয়াছে। ফল প্রকাশের কোন খবর নাই। ইতিপূর্বে বিভিন্ন পত্র-পত্রিকাতে বলা হয়, চলতি মাসের শেষের দিকে ফলাফল প্রকাশ করা হইবে। কর্তৃপক্ষ নাকি এই বছর কম্পিউটারাইজড করিতে গিয়া ফলাফল প্রকাশে বিলম্বের কারণ দেখাইয়াছে।